

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

সূরা ২

- ০৬৯-১ একটি অনিবার্য সত্য (ঘটনা)!
- ০৬৯-২ কি সেই অনিবার্য সত্য (ঘটনা) ?
- ০৬৯-৩ তুমি কি জানো সেই অনিবার্য সত্য ঘটনাটা আসলেই কি ?
- ০৬৯-৪ আ'দ ও সামুদ জাতির লোকেরা মহাপ্রলয় (সংক্রান্ত এমনি একটি সত্য ঘটনা)-কে মিথ্যা প্রতিপন্ন করেছিলেন।
- ০৬৯-৫ (পরিণামে দাস্তিক) সামুদ গোত্রের লোকদের এক প্রলয়ংকরী বিপর্যয় দ্বারা ধ্বংস করে দেয়া হয়েছে।
- ০৬৯-৬ আর (শক্তিশালী গোত্র) আ'দকে ধ্বংস করা হয়েছে প্রচন্ড এক ঝঞ্ঝাবায়ুর আঘাতে,
- ০৬৯-৭ একটানা সাত রাত ও আট দিন ধরে তিনি তাদের ওপর দিয়ে এ প্রচন্ড বায়ু প্রবাহিত করে রেখেছিলেন, (তাকালে) তুমি (সে) জাতিকে দেখতে পেতে, তারা যেন মৃত খেজুর গাছের কতিপয় অন্তসারশূণ্য কাণ্ডের মতো উপুড় হয়ে পড়ে আছে!
- ০৬৯-৮ তুমি কি দেখতে পাচ্ছে- তাদের একজনও কি এ গয়ব থেকে রক্ষণ পেয়েছে?

- 062-2 (দাষ্টিক) ফেরাউন, তার আগের কিছু লোক এবং উপড়ে ফেল্লা জনপদের অধিবাসীরাও (একই) অপরাধ নিয়ে (ধ্বংসের মুখোমুখি) এসেছিলো,
- 062-10 এরা সবাই (নিজ নিজ যুগে) তাদের মানিকের পক্ষ থেকে যারা রসূল হয়ে এসেছে তাদের অব্যাহতা করেছে, ফলে আল্লাহ তায়ালা (এ বিদ্রোহের জন্যে) তাদের কঠোরভাবে পাকড়াও করলেন।
- 062-11 (নবী নূহের সময়) যখন পানি (তার নির্দিষ্ট) সীমা অতিক্রম করলো, তখন আমি তোমাদের (বাঁচানোর জন্যে) নৌকায় উঠিয়ে নিয়েছিলাম,
- 062-12 যেন তোমাদের জন্যে আমি তাকে একটি শিক্ষামূলক ঘটনা বানিয়ে রাখতে পারি, তাছাড়া উৎসাহী কানগুলো যেন এ (বিষয়)-টা (পরবর্তী মানুষদের জন্যে) স্মরণ রাখতে পারে।
- 062-13 অতঃপর যখন শিংগায় ফুঁ দেয়া হবে- (তা হবে প্রথমবারের) একটি মাত্র ফুঁ,
- 062-14 আর (তখন) ভূমন্ডল ও পাহাড় পর্বত (স্বস্থান থেকে) উঠিয়ে নেয়া হবে, অতঃপর উভয়টাকে একবারেই (একটা আরেকটার ওপর ফেলে) চূর্ণবিচূর্ণ করে (লন্ডভন্ড করে) দেয়া হবে,
- 062-15 (ঠিক) সেদিনই (সে) মহাঘটনাটি সংঘটিত হবে,
- 062-16 এবং আকাশ ফেটে পড়বে, অতঃপর সেদিন তা বিক্ষিপ্ত হয়ে যাবে,
- 062-17 ফেরেশতারা (আল্লাহর আদেশ পালন করার জন্যে) আকাশের প্রান্তে অবস্থান করবে; আর (তাদেরই) আট জন ফেরেশতা তোমার মানিকের 'আরশ' তাদের ওপর বহন করে রাখবে;
- 062-18 সেদিন (আল্লাহ তায়ালা সামনে) তোমাদের পেশ করা হবে, তোমাদের কোনো কিছুই (সেদিন) গোপন থাকবে না।

- ০৬৯-১৯ সেদিন যার আমলনামা তার ডান হাতে দেয়া হবে সে (খুশীতে লোকজনকে ডেকে) বলবে, তোমরা (কে কোথায় আছো এসো এবং) আমার (আমলনামার) পুস্তকটি পড়ে দেখো।
- ০৬৯-২০ হাঁ, আমি জানতাম আমাকে একদিন এমনি হিসাব নিকাশের সামনাসামনি হতে হবে,
- ০৬৯-২১ অতঃপর (বেহেশতের উদ্যানে) সে (চির) সুখের জীবন যাপন করবে,
- ০৬৯-২২ (সে উদ্যান হবে) আলীশান জান্নাতের মধ্যে,
- ০৬৯-২৩ এর ফলমূল (তাদের) নাগালের মধ্যেই ঝুলতে থাকবে।
- ০৬৯-২৪ (আল্লাহর পক্ষ থেকে অভিনন্দনপূর্ণ ঘোষণা আসবে,) অতীতে যা তোমরা (কামাই) করে এসেছো তারই পুরস্কার হিসেবে (আজ) তোমরা (প্রাণভরে এগুনো) খাও এবং তৃপ্তি সহকারে পানীয় গ্রহণ করো।
- ০৬৯-২৫ (তার সে হতভাগ্য ব্যক্তি), যার আমলনামা সেদিন তার বাম হাতে দেয়া হবে, (দুঃখ ও অপমানে) সে বলবে, কতো ভালো হতো যদি (আজ) আমাকে কোনো রকম আমলনামাই না দেয়া হতো,
- ০৬৯-২৬ আমি যদি আমার হিসাব(-এর খাতাটি) না-ই জানতাম,
- ০৬৯-২৭ হায়! (আমার প্রথম) মৃত্যুই যদি আমার জন্যে চূড়ান্ত নিষ্পত্তিকারী (বিষয়) হয়ে যেতো!
- ০৬৯-২৮ আমার ধন সম্পদ ও ঐশ্বর্য (আজ) কোনো কাজেই লাগলো না,
- ০৬৯-২৯ (আজ) আমার সব কর্তৃত্ব (ও ক্ষমতা) নিঃশেষ হয়ে গেলো,

০৬৯-৩০ (এ সময় জাহান্নামের প্রহরীদের প্রতি আদেশ আসবে, যাও) তোমরা তাকে পাকড়াও করো, এরপর তার গলায় শেকল পরিয়ে দাও,

০৬৯-৩১ অতঃপর তাকে জাহান্নামের (ডুলন্ত) আগুনে প্রবেশ করাও

০৬৯-৩২ এবং তাকে সস্তুর গজ শেকল দিয়ে বেঁধে ফেলো;

০৬৯-৩৩ কেননা, সে কখনো মহান আল্লাহর ওপর বিশ্বাস স্থাপন করেনি,

০৬৯-৩৪ সে কখনো দুস্থ অসহায় লোকদের খাবার দেয়ার জন্যে (অন্যদের) উৎসাহ দেয়নি;

০৬৯-৩৫ (আর এ কারণেই) আজকের এ দিনে তার (প্রতি দয়া দেখানোর) কোনো বন্ধ নেই,

০৬৯-৩৬ (ক্ষতনিসৃত) পুঁজ ছাড়া (আজ তার জন্যে দ্বিতীয়) কোনো খাবারও এখানে থাকবে না,

০৬৯-৩৭ একান্ত অপরাধী ব্যক্তির ছাড়া অন্য কেউই (আজ) তা খাবে না।

রুকু ২

০৬৯-৩৮ তোমরা যা কিছু দেখতে পাও আমি তার শপথ করছি,

০৬৯-৩৯ (আরো শপথ করছি) সেসব বস্তুর- যা তোমরা দেখতে পাও না,

০৬৯-৪০ নিঃসন্দেহে এ কেতাব একজন সম্মানিত রসূলের (আনীত) বাণী,

০৬৯-৪১ এটা কোনো কবির কাব্যকথা নয়; যদিও তোমরা খুব কমই বিশ্বাস করো,

০৬৯-৪২ এটা কোনো গণক কিংবা জ্যোতিষীর কথাও নয়; যদিও তোমরা খুব কমই বিবেক বিবেচনা করে চলো;

- ০৬৯-৪৩ (মূলত) এ কেতাব বিশ্বজগতের মালিক আল্লাহ তায়ালাকে কাছ থেকেই (তাঁর রসূলের ওপর) নাযিল করা হয়েছে।
- ০৬৯-৪৪ রসূল যদি এ (গ্রন্থ)-টি নিজে বানিয়ে আমার নামে চালিয়ে দিতো,
- ০৬৯-৪৫ তবে আমি অবশ্যই শক্তভাবে তার ডান হাত ধরে ফেলতাম,
- ০৬৯-৪৬ অতঃপর আমি তার কণ্ঠনালী কেটে ফেলে দিতাম,
- ০৬৯-৪৭ আর (সে অবস্থায়) তোমাদের কেউই তাকে তাঁর থেকে বাঁচাতে পারতো না!
- ০৬৯-৪৮ (সত্যি কথা হচ্ছে,) আল্লাহ তায়ালাকে যারা ভয় করে, এ কেতাব তাদের জন্যে উপদেশ বৈ কিছু নয়!
- ০৬৯-৪৯ আমি ভালো করেই জানি, তোমাদের একদল লোক হবে এ (কেতাব)-কে মিথ্যা সাব্যস্তকারী।
- ০৬৯-৫০ এটি তাদের জন্যে গভীর অনুতাপ ও হতাশার কারণ হবে, যারা (আল্লাহ তায়ালাকে) অস্বীকার করে।
- ০৬৯-৫১ নিঃসন্দেহে এ মহাগ্রন্থ এক অমোঘ সত্য।
- ০৬৯-৫২ অতএব (হে নবী, এমনি একটি গ্রন্থের জন্যে) তুমি তোমার মহান মালিকের নামের পবিত্রতা বর্ণনা করো।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London